153

**দৈনিক সংবাদ**

তারিখ 17 JAN 1994
পৃষ্ঠা ৫ কলাম ৭

বান্দরবানে ২ হাজার ছাত্রের ভবিষ্যৎ অনিশ্চিত

# শিক্ষকের অভাবে বন্ধ হয়ে যাওয়া বিদ্যালয় চালুর কোন উদ্যোগ নেই

।। এনামুল হক কাশেমী ।।

বান্দরবান, ১৬ই জানুয়ারি।– শিক্ষকের অভাবে বান্দরবান জেলার রুমা ও থানছি থানায় বন্ধ ঘোষিত ১২টি সরকারী প্রাথমিক বিদ্যালয় চালু করার ব্যাপারে এখনো পর্যন্ত কোন মহল উদ্যোগ গ্রহণ করেনি। ফলে প্রায় দু' হাজার উপজাতীয়-অ-উপজাতীয় ছাত্রছাত্রীর শিক্ষা গ্রহণ অনিশ্চিত হয়ে পড়েছে। তাদের অভিভাবক মহলে দেখা দিয়েছে চরম হতাশা।

শিক্ষক না থাকায় গত আগস্ট মাসে জেলা প্রাথমিক শিক্ষা বিভাগ রুমায় ৮টি এবং থানছি থানায় ৪টি সরকারী প্রাথমিক বিদ্যালয় অনির্দিষ্টকালের জন্যে বন্ধ ঘোষণা করে। গত অক্টোবর মাসে বান্দরবান স্থানীয় সরকার পরিষদ জেলায় সরকারী প্রাথমিক বিদ্যালয়সমূহের শূন্যপদে শিক্ষক নিয়োগের জন্য পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি দিয়েছিল। দীর্ঘদিন পরেও প্রার্থীদের নিয়োগ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত না হওয়ায় ওই ১২টি বিদ্যালয় ছাড়াও আরো বহু বিদ্যালয়ে অচলাবস্থা বিরাজ করছে বলে এলাকাবাসী জানিয়েছেন। এক শিক্ষকবিশিষ্ট বিদ্যালয়ের সংখ্যা ৫৯টি। এই বিদ্যালয়গুলোতে নামেমাত্র পাঠদান ব্যবস্থা চালু থাকলেও মাসের মধ্যে প্রায় ২০ দিনই বন্ধ থাকে। মাসিক সভা কিংবা দাপ্তরিক কাজে একমাত্র শিক্ষকদের থানা সদর বা জেলা সদরে যাওয়া-আসা করতে হয়, সেকারণেই বন্ধ থাকে।

## আরো ৮টি পদ শূন্য হয়েছে

জেলার প্রাথমিক বিদ্যালয়সমূহে ৫৯টি প্রধান শিক্ষকের পদসহ ১০৪টি সহকারী শিক্ষকের পদ শূন্য দীর্ঘদিন যাবৎ। গত দু'মাসে আরো ৮টি সহকারী শিক্ষকের পদ শূন্য হয়েছে।